খুব অল্প খরচে
যে কোনো বাংলা, ইংরাজী ও হিন্দি পত্রিকায় খুব কম খরচে বিজ্ঞাপন দেওয়া হয়।
নাম চেঞ্জ, বিজ্ঞপ্তি, হারানো প্রাপ্তি, পাত্র পাত্রী, কর্মখালি
আনন্দবাজার পত্রিকা The Telegraph THE TIMES OF INDIA দৈনিক যুগশঙ্খ
বর্তমান প্রতিদিন সন্মার্গ প্রভাত খবর
9232633899 THE ECHO OF INDIA

স্থানীয় নির্ভিক সাপ্তাহিক সংবাদপত্র

# সার্বভৌম সমাচার

RNI Regn. No. WBBEN/2017/75065 ❑ Postal Regn. No.- Brs/135/2020-2022 ❑ Vol. 08 ❑ Issue 52 ❑ 13 Mar., 2025 ❑ Weekly ❑ Thursday ❑ ₹ 3

নতুন সাজে সবার মাঝে
শীতাতপ নিয়ন্ত্রিত
ALANKAR
অলঙ্কার
সরকার অনুমোদিত ২২/২২ ক্যারেট K.D.M সোনার গহনা নির্মাতা ও বিক্রেতা
যশোহর রোড • বনগাঁ
M : 9733901247

## মহকুমা জুড়ে ভুয়ো ভোটারের রমরমা; শুরু রাজনৈতিক তরজা

সংবাদদাতা : বনগাঁ মহকুমায় ভোটার তালিকায় ভুয়ো নাম থাকার অভিযোগ তুলল বনগাঁর তৃণমূল নেতৃত্ব। মঙ্গলবার বনগাঁ সাংগঠনিক জেলা পার্টি অফিসে সাংবাদিক সম্মেলন করে বনগাঁ জেলা তৃণমূল সভাপতি বিশ্বজিৎ দাস এই দাবি করেন।

বিশ্বজিৎ বাবু বলেন, এখনো ৫০ শতাংশ সার্ভে করা হয়নি। তার মধ্যে প্রায় ১২ হাজারের বেশি ভুয়ো ভোটার তালিকা তৈরি করা হয়েছে। এরমধ্যে কেউ বাংলাদেশে থাকে। কেউ অন্য বিধানসভায় থাকেন। ইতিমধ্যেই আমরা এগুলি এসডিও বিডিওতে জমা করেছি। এটা শেষ পর্যন্ত কত সংখ্যা দাঁড়াবে এখনো বলা যাচ্ছে না। ভোটার লিস্টে সিপিএম, বিজেপি এই অবৈধ নাম গুলি ঢুকিয়ে রেখেছে। এদের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা নেওয়ার আবেদন রাখছি।

ইতিমধ্যে বাগদা বিধানসভায় ৫ হাজারের বেশি ভুয়ো ভোটারের তালিকা তৈরি করা হয়েছে। বনগাঁ উত্তরে ৮০০ -র বেশি, এছাড়াও বনগাঁ দক্ষিণ ও স্বরূপনগর বিধানসভায় প্রচুর সংখ্যক ভুয়ো ভোটার তালিকা তৈরি হয়েছে। এ বিষয়ে বিজেপির বনগাঁ সাংগঠনিক জেলার সভাপতি দেবদাস মণ্ডল পাল্টা অভিযোগ করে বলেন, "তৃণমূল পরিকল্পনা করে মতুয়াদের নাম ভোটার তালিকা থেকে বাদ দেওয়ার চক্রান্ত করছে। কারণ ওরা বিজেপির ভোটার। সত্যি ভুয়ো ভোটার থাকলে প্রশাসন তদন্ত করে পদক্ষেপ করুক।"

## বনগাঁ মহকুমা হাসপাতালের শৌচালয়ে প্রৌঢ়ার মৃতদেহ, চাঞ্চল্য

সংবাদদাতা : অসুস্থ নাতিকে হাসপাতালে ভর্তি করে প্রয়োজনীয় সামগ্রী আনতে গিয়ে নিখোঁজ দিদিমা। পরে হাসপাতালের শৌচালয় থেকে তার মৃতদেহ উদ্ধার। বুধবার সকালে মৃতদেহ উদ্ধারের ঘটনায় চাঞ্চল্য ছড়ায় বনগাঁ মহকুমা হাসপাতাল চত্বরে। খবর পেয়ে ঘটনাস্থলে যায় বনগাঁ থানার পুলিশ।

পুলিশ জানিয়েছে, মৃত মহিলার নাম চপলা হাজরা (৪২)। বাড়ি বাগদা থানার নাটাবেড়িয়া এলাকায়। পরিবারের সদস্যরা জানিয়েছে, বাগদার সিন্দ্রানির বাসিন্দা বছর তিনের অসুস্থ নাতি সৌরভ বিশ্বাসকে নিয়ে মঙ্গলবার সন্ধ্যায় বনগাঁ মহকুমা হাসপাতাল এসেছিলেন তিনি। হাসপাতালে ভর্তি করার পর প্রয়োজনীয় জিনিসপত্র আনতে তিনি স্বামীর সঙ্গে হাসপাতালের পাশে দোকানে গিয়েছিলেন। এরপর স্বামী ফিরে এলেও দেখেন পেছনে তার স্ত্রী নেই। স্বামী কাজল হাজরা বলেন, 'স্ত্রী সুস্থই ছিল। হঠাৎ খুঁজে না পেয়ে হাসপাতালের মাইকে ঘোষণা করি, পুলিশ ফাঁড়িতে এবং বনগাঁ থানায় নিখোঁজ মামলা করতে গেলেও কেউ অভিযোগ নেয়নি।হাসপাতাল চত্বর ও বনগাঁ স্টেশন চত্বরে গিয়ে খোঁজাখুঁজি করি। অভিযোগ পাবলিক বাথরুমে তিন তিনবার গিয়ে খোঁজার চেষ্টা করা হলেও সেখানকার দায়িত্বে থাকা ব্যক্তি শৌচালয়ে ঢুকতে দেননি। সকালে খবর পেয়ে দেখি, হাসপাতাল চত্বরে, শৌচালয়ের মধ্যে মৃত অবস্থায় পড়ে রয়েছে। ঢুকতে দিলে হয়তো স্ত্রীকে প্রানে বাঁচানো যেত।

পরিবারের বক্তব্য, কিভাবে মৃত্যু হল তা আমাদের জানার খুব প্রয়োজন। বনগাঁ থানার পুলিশ একটি অস্বাভাবিক মৃত্যুর মামলা রুজু করে দেহটি ময়নাতদন্তে পাঠিয়েছে।

## আন্তর্জাতিক নারী দিবসে গাইঘাটায় পুরস্কৃত নারীরা

নীরেশ ভৌমিক ঃ গত ৮ মার্চ আন্তর্জাতিক নারী দিবস উদ্‌যাপন করে গাইঘাটা পঞ্চায়েত সমিতি ও গাইঘাটা ব্লক প্রশাসন কর্তৃপক্ষ, এদিন মধ্যাহ্নে ব্লকের সৃষ্টি হলে আয়োজিত নারী দিবস উদ্‌যাপন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পঞ্চায়েত সমিতির সভাপতি ইলা বাক্‌চি, শিক্ষা কর্মাধ্যক্ষ মধুসূদন সিংহ, জনস্বাস্থ্য কর্মাধ্যক্ষ বাপী দাস, মৎস ও প্রাণী সম্পদ দফ্‌তরের কর্মাধ্যক্ষ অঞ্জনা বৈদ্য, সদস্যা পাপিয়া দেবনাথ, ছিলেন জেলা পরিষদ সদস্য অভিজিৎ বিশ্বাস ও শিপ্রা বিশ্বাস এবং ব্লকের বিডিও

তৃতীয় পাতায়...

## কাকাকে পিটিয়ে খুন
### ধৃত ভাইপো ও বৌদি

সংবাদদাতা : জমি জমা নিয়ে বিবাদের জেরে বৃদ্ধ কাকাকে পিটিয়ে খুন করার অভিযোগ উঠল ভাইপো ও তার মায়ের বিরুদ্ধে। বুধবার সকালে ঘটনাটি ঘটেছে বনগাঁ থানার চাঁদা জামতলা এলাকায়। মৃত্যুর খবরে এলাকায় উত্তেজনা ছড়ালে ইতিমধ্যে পুলিশ দুই অভিযুক্তকে আটক করেছে। পুলিশ জানিয়েছে, মৃত বৃদ্ধর নাম হানেফ মন্ডল(৫৮)। অভিযুক্তদের নাম ইয়ানুর মন্ডল ও তার মা আজিফা মন্ডল।

পরিবারের সদস্যরা জানিয়েছেন, দীর্ঘদিন ধরে কাকা ভাইপোর মধ্যে জমি নিয়ে বিবাদ রয়েছে। এদিন সকালে কাকা তার নিজের জমিতে বেড়া দিতে গেলে বাধা দেয় ভাইপো। দুজনের মধ্যে তর্কাতর্কি শুরু হয়। অভিযোগ, সে সময়ে ভাইপো ও তার মা এসে ইট দিয়ে বেধড়ক মারধর করে হানেফকে। চিৎকার চেঁচামেচি শুনে স্থানীয়রা এসে তাঁকে উদ্ধার করে বনগাঁ মহকুমা হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক মৃত বলে ঘোষণা করে। বৌমা মুসলিমা মন্ডল এর অভিযোগ, ইয়ানুর ও আজিফা নিজেরাই নিজেদের জমি মেপে নিয়েছে। সেই মাপা জমিতে শ্বশুর মশাই খুঁটি করতে গেলে ওরা পিটিয়ে খুন করেছে। ওদের দৃষ্টান্ত মূলক শাস্তি হোক।

GRAPHICS MART
LAPTRONICS-5
এখানে খুবই কম খরচে
Laptop এবং Desktop
Repairing করা হয়।
* সকল প্রকার Repairing এর উপর
থাকবে One Month (একমাসের) গ্যারান্টি।
Mob. : 9836414449

## গুণগতমান ঠিক থাকলেই নির্মাণ কাজে ব্যবহৃত হবে সামগ্রী, উদ্যোগ পঞ্চায়েতের

সংবাদদাতা : উন্নয়নের কাজে রাজ্যের সরকারি টাকা খরচ হলেও অনেক ক্ষেত্রে কাজের মান নিয়ে দেখা দেয় প্রশ্ন। পঞ্চায়েতের সড়ক নির্মাণ থেকে একাধিক কাজে মাঝেমধ্যে নিম্নমানের কাজের অভিযোগ উঠে। এবার সরকারি নির্মাণের ক্ষেত্রে গুণগতমান পরীক্ষার জন্য ল্যাবরেটরি চালু হল।

সোমবার বনগাঁ মহকুমায় সিন্দ্রাণী গ্রাম পঞ্চায়েতের তরফে সরকারি নির্মাণ এর ক্ষেত্রে গুণগত মান পরীক্ষার জন্য চালু করা হল এই অত্যাধুনিক ল্যাবরেটরি। এবার থেকে ব্লক স্তরে যেকোনো সরকারি নির্মাণের ক্ষেত্রে যাচাই করতে হবে নির্মাণ সামগ্রীর গুণগতমান। পঞ্চায়েত সূত্রে জানা গিয়েছে, উত্তর ২৪ পরগনা জেলায় সর্বপ্রথম প্রায় ৭ লক্ষ টাকা ব্যয়ে তৈরি হল এই অত্যাধুনিক ল্যাবরেটরির। পঞ্চায়েতের নিজস্ব তহবিলের টাকা থেকেই এই ল্যাবরেটরি করা হয়েছে। উপপ্রধান সৌমেন ঘোষ বলেন, এই ল্যাবরেটরি আগামী দিনে সরকারি নির্মাণের ক্ষেত্রে গুণগতমান পরীক্ষার ফলে রাস্তা, সরকারি ভবন, নালা নির্মানে ব্যবহৃত বালি, পাথর, সিমেন্ট, ইট, লোহা, পিচ প্রভৃতির মান যাচাই করা হবে।

ল্যাবরেটরির উদ্বোধন করেন বনগাঁ মহকুমা শাসক উর্মি দে বিশ্বাস। তিনি বলেন, গ্রাম পঞ্চায়েতের তরফে এই সিভিল

তৃতীয় পাতায়...


Behag Overseas

Complete Logistic Solution
(MOVERS WHO CARE)
MSME Code UAM No.WB10E0038805
ROAD - RAIL - BARGE - SEA - AIR
CUSTOMS CLEARANCE IN INDIA
Head Office : 48, Ezra Street, Giria Trade Centre,
5th Floor, Room No : 505, Kolkata - 700001
Phone No. : 033-40648534
9330971307 / 8348782190
Email : info@behagoverseas.com
petrapole@behagoverseas.com
BRANCHES : KOLKATA, HALDIA, PETRAPOLE, GOJADANGA, RANAGHAT RS., CHANGRABANDHA, JAIGAON, CHAMURCHI, LUKSAN, HALDIBARI RS, HILI, FULBARI

স্থানীয় নির্ভিক সাপ্তাহিক সংবাদপত্র

# সার্বভৌম সমাচার

বর্ষ ০৮ ❐ সংখ্যা ৫২ ❐ ১৩ মার্চ, ২০২৫ ❐ বৃহস্পতিবার

## নিঃশুল্ক নাগরিক পরিষেবা এবার করযুক্ত

প্রতিনিয়ত বেড়েই চলেছে নিত্য প্রয়োজনীয় জিনিসপত্রের দাম। দিন আনা- দিনখাওয়া মানুষের নাভিশ্বাস ওঠার উপক্রম। 'গোদের উপর বিষফোঁড়া'-র মত বনগাঁবাসীর জন্য শুরু হল আবর্জনা সাফাই কর। বনগাঁ পৌরসভার জনস্বাস্থ্য বিভাগের কর্মীগণ নিয়ম করে সপ্তাহে দু'দিন বা একদিন করে বিভিন্ন ওয়ার্ডের নাগরিকবৃন্দের বাড়ির বর্জ্য পদার্থ গাড়িতে করে নিয়ে আসার জন্য হাজির হয়। রাস্তা ঘাট সাফাই করার জন্য কোন সপ্তাহে একদিন বা কোন সপ্তাহে হাজিরই হয় না মহিলা ঝাড়ুদারগণ। এ যাবৎ কাল পর্যন্ত এ সমস্ত পরিষেবা বিনামূল্যেই হয়েছে। কিন্তু এবার থেকে এসব পরিষেবা আর ফ্রিতে হবে না। তার জন্য দিতে হবে কর। প্রতিদিন এক টাকা হিসাবে মাসে ৩০ টাকা। অত্যাধুনিক সোয়াইপ মেশিনের দ্বারা বিল দিয়ে কর গ্রহণ করবেন ভারপ্রাপ্ত জনস্বাস্থ্য বিভাগের কর্মীগণ। মাসিক ৩০ টাকা হিসাবে বছরে অতিরিক্ত গুণতে হবে ৩৬০ টাকা। এটা সাধারণ জনগণের কাছে বাড়তি বোঝা। জনৈক পৌর-নাগরিকের কথায়— 'সপ্তাহে দু'দিন বা একদিন আসে বাড়ির জঞ্জাল নেওয়ার জন্য। তাহলে প্রত্যেক দিনের জন্য ১ টাকা করে কেন দিতে হবে?' এবিষয়ে সাধারণ জনগণের মধ্যে ক্ষোভের সঞ্চার হয়েছে। এই ক্ষোভের প্রভাব কি পরবর্তী ভোটব্যাঙ্কে পড়বে? যদিও ভিন্ন মত পোষণ করছে রাজনৈতিক বিশ্লেষকগণ।

# সবার উপরে মানুষ সত্য : প্রসঙ্গ মানবাধিকার

**দেবাশিস রায়চৌধুরী**

**ধারা : ২৫**

(১) খাদ্য, বস্ত্র, বাসস্থান, চিকিৎসা ও প্রয়োজনীয় সমাজকল্যাণমূলক কার্যাদির সুযোগ এবং এ সঙ্গে পীড়া, অক্ষমতা, বৈধব্য, বার্ধক্য অথবা জীবনযাপনে অনিবার্যকারণে সংঘটিত অন্যান্য অপারগতার ক্ষেত্রে নিরাপত্তা এবং বেকার হলে নিরাপত্তার অধিকার সহ নিজের এবং নিজ পরিবারের স্বাস্থ্য এবং কল্যাণের জন্য পর্যাপ্ত জীবনমানের অধিকার প্রত্যেকেরই রয়েছে।

(২) মাতৃত্ব এবং শৈশবাবস্থায় প্রতিটি নারী এবং শিশুর বিশেষ যত্ন এবং সাহায্য লাভের অধিকার আছে। বিবাহবন্ধন-বহির্ভূত কিংবা বিবাহবন্ধনজাত সকল শিশু অভিন্ন সামাজিক নিরাপত্তা ভোগ করবে।

ধারাটি মানসম্মত জীবনযাত্রার অধিকার নিশ্চিত করে।

**ধারা : ২৬**

(১) প্রত্যেকেরই শিক্ষালাভের অধিকার রয়েছে। অন্ততঃপক্ষে প্রাথমিক ও মৌলিক পর্যায়ে শিক্ষা অবৈতনিক হবে। প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক হবে। কারিগরী ও বৃত্তিমূলক শিক্ষা সাধারণভাবে লভ্য থাকবে এবং উচ্চতর শিক্ষা মেধার ভিত্তিতে সকলের জন্য সমভাবে উন্মুক্ত থাকবে।

(২) ব্যক্তিত্বের পূর্ণ বিকাশ এবং মানবিক অধিকার ও মৌলিক স্বাধীনতা সমূহের প্রতি শ্রদ্ধাবোধ সুদৃঢ় করার লক্ষ্যে শিক্ষা পরিচালিত হবে। শিক্ষা সকল জাতি, গোত্র এবং ধর্মের মধ্যে সমঝোতা, সহিষ্ণুতা ও বন্ধুত্বপূর্ণ সম্পর্ক উন্নয়নের প্রয়াস পাবে এবং শান্তিরক্ষার স্বার্থে জাতিসংঘের কার্যাবলীকে এগিয়ে নিয়ে যাবে।

(৩) কোন ধরনের শিক্ষা সন্তানকে দেওয়া হবে, তা বেছে নেবার পূর্বাধিকার পিতামাতার থাকবে।

এই ধারাটি শিক্ষার অধিকারকে গুরুত্বসহকারে নিশ্চিত করে।

**ধারা : ২৭**

(১) প্রত্যেকেরই সমষ্টিগত সাংস্কৃতিক জীবনে অংশগ্রহণ করা, শিল্পকলা উপভোগ করা এবং বৈজ্ঞানিক অগ্রগতি ও তার সুফল সমূহে অংশীদার হওয়ার অধিকার রয়েছে।

(২) বিজ্ঞান, সাহিত্য ও শিল্পকলা ভিত্তিক কোন কর্মের রচয়িতা হিসেবে নৈতিক ও বৈষয়িক স্বার্থ সংরক্ষণের অধিকার প্রত্যেকেরই থাকবে।

এই ধারাটি সাংস্কৃতিক জীবনে অংশগ্রহণের অধিকার নিশ্চিত করে।

**ধারা : ২৮**

এই ঘোষণাপত্রে উল্লেখিত অধিকার ও স্বাধীনতাসমূহের বাস্তবায়ন সম্ভব এমন একটি সামাজিক ও আন্তর্জাতিক ব্যবস্থায় অংশীদারীত্বের অধিকার প্রত্যেকেরই আছে।

এই ধারা সামাজিক ও আন্তর্জাতিক ব্যবস্থার অধিকার নিশ্চিত করে।

**ধারা ২৯**

(১) প্রত্যেকেরই সে সমাজের প্রতি পালনীয় কর্তব্য রয়েছে, যে সমাজেই কেবল তাঁর আপন ব্যক্তিত্বের স্বাধীন এবং পূর্ণ বিকাশ সম্ভব।

(২) আপন স্বাধীনতা এবং অধিকারসমূহ ভোগ করার সময় প্রত্যেকেই কেবলমাত্র ঐ ধরনের সীমাবদ্ধতা দ্বারা নিয়ন্ত্রিত হবেন যা অন্যদের অধিকার ও স্বাধীনতাসমূহ নিশ্চিত করা এবং একটি গণতান্ত্রিক সমাজব্যবস্থায় নৈতিকতা, গণশৃঙ্খলা ও সাধারণ কল্যাণের ন্যায়ানুগ প্রয়োজন মেটাবার জন্য আইন দ্বারা নির্ণীত হবে।

(৩) জাতিসংঘের উদ্দেশ্য ও মূলনীতির পরিপন্থী কোন উপায়ে এ অধিকার ও স্বাধীনতাসমূহ ভোগ করা যাবে না।

চলবে...

ভ্রমণ ঃ

# মিজোরাম

পর্ব- ৪



**অজয় মজুমদার**

প্রতিটি স্তম্ভে যিশুখ্রিস্টের ক্রুশের ছবি এবং পবিত্র চার্চের প্রতীক রয়েছে। বারান্দার উপরে দুটি দেবদূতের মূর্তি স্তম্ভের উপরের দিকে মুখ করে এবং স্তম্ভের উভয় দিকের পাশে রয়েছে যা এখন প্রধান প্রবেশদ্বার হিসাবে ব্যবহৃত হয়। মন্দিরের চারটি টাওয়ার রয়েছে, প্রতিটি টাওয়ারের উপরে একটি মুকুট রয়েছে। যা মুক্তির মুকুট, ন্যায় পরায়ণতার মুকুট, জীবনের মুকুট এবং ওভারকামারের মুকুটকে প্রতিনিধিত্ব করে। মন্দিরে ৩২ টি জানলা, ৩২ টি বায়ু চলাচল এবং ৩২ টি স্কাইলাইট রয়েছে। এটি একটি বহুতল ভবন।

মন্দির কম্পাউন্ডের মধ্যে উদ্যান রয়েছে। শিক্ষাপ্রতিষ্ঠান রয়েছে, রয়েছে সমাজ সেবা কেন্দ্র, এবং একটি পলি ক্লিনিক হাসপাতাল অন্তর্ভুক্ত করে। উদ্যানটি এত সাজানো গোছানো, মন ভালো হয়ে যায়। ওখানে আমরা অনেক ছবি তুলেছিলাম। এবার আমরা গেলাম ---

লালসাবুঙ্গা পার্ক (Lalsavunga park): আইজল থেকে ১৮ কিলোমিটার দূরে ১১৭৯ মিটার উচ্চতায় লালসাবুঙ্গা পার্ক অবস্থিত। লালসাবুঙ্গা পার্ক নির্মাণ শুরু হয়েছিল ২০১৪ সালে। আনুমানিক ব্যয় ৪৬৪ লক্ষ টাকা। পার্কের আয়তন একশো কুড়ি একর এবং পর্বতশ্রেণী এক কিলোমিটার দীর্ঘ। পার্কটি ৩ অক্টোবর ২০১৮ সালে খোলা হয়েছিল।

এখানে আছে শিশু পার্ক, সুইংব্রিজ, ক্রস মাউন্ট হল, রেস্টুরেন্ট, কটেজ। এছাড়াও ফাউংপুই জাতীয় উদ্যান, ভারতের জাতীয় উদ্যানের তালিকা। এখানে দুটি পাহাড়ের সঙ্গে সংযোগকারী হ্যংগিং ব্রিজ আছে, প্রথমটি মনে হল একটু দুর্বল। দুই একজন গেলেই দুলতে থাকে। ধীরে ধীরে হাঁটলেও ব্রিজ দুলতে থাকে।. দ্বিতীয় ব্রিজটি প্রথম ব্রিজের ডবল হবে। লালসাবুঙ্গা পার্ক দেখা শেষ হলে আমরা গেলাম আইজল পিক ভিউ থেকে সূর্যাস্ত দেখতে। মিজোরামের নদী:- মিজোরামে ছয়টি নদী আছে-- কর্ণফুলী নদী, ঠেগা নদী, তুইরিনি নদী, তুইরিয়াল নদী, বারাক নদী, সুরমা- মেঘনা নদী ব্যবস্থা।

মিজোরাম রাজ্যের উৎসব ঃ পাউল কূট হল সবচেয়ে বড় উৎসব। ফসল কাটা শেষ হলে এই উৎসবটি আনন্দের সঙ্গে উদযাপিত হয়। উৎসবটি সাধারণত ডিসেম্বর বা জানুয়ারি মাসে পালিত হয়। এছাড়াও বিভিন্ন উৎসব মিজোরামে পালিত হয়। তার মধ্যে উল্লেখযোগ্য ক্রিসমাস উৎসব, খোয়াদো কূট উৎসব পাইতে



সম্প্রদায়ের দ্বারা পালিত হয়। এটি আশীর্বাদ এবং প্রচুর ফসল দেওয়ার জন্য সর্বশক্তিমানকে ধন্যবাদ জানানোর প্রতীকী অভিব্যক্তির উৎসব। Hlukhula kut-- লাই সম্প্রদায়ের একটি উৎসব। মার্চ মাসে এটি পালিত হয়। লুভা ফুলতা উৎসব উদযাপিত হয়। এটি সর্বশক্তিমানকে তার সাহায্য এবং আশীর্বাদের জন্য ধন্যবাদ হিসাবে

চলবে...

উপন্যাস

# বেঙ্গালুরু উবাচ ১



**পীযূষ হালদার**

গত সপ্তাহের পর...

এটাও জীবনের একটা স্বতঃসিদ্ধ ঘটনা। তুই কী হতে চাস সেইটাই আমি জানতে চাইছিলাম।"

সেদিন আমি বুঝতে পেরেছিলাম, ভবিষ্যতের দিকেই নির্মলের মুখ। নির্মল তার মনের বাসনা পূরণ করতে পেরেছিল। ডব্লিউ বিসিএস অফিসার হয়ে তার লক্ষ্য পূরণ করেছিল। মানুষ হয়েছিল কিনা সেটা আমি জানিনা। কারণ আমি ও ব্রদের জলের মতো ছড়িয়ে গিয়েছিলাম সাধারণ মানুষের মধ্যে।

নয়--- আমাদের ছেলেবেলাগুলো খুব তাড়াতাড়ি ম্যাচিওর হয়ে উঠছিল। সাথে সাথে মনের মধ্যে জটিল সব চিন্তাভাবনা গুলো ঢুকে যাচ্ছিল । তখন থেকেই শুরু হয়ে গিয়েছিল ক্লাসের পরীক্ষায় প্রথম হওয়ার ইঁদুর দৌড়। শুধু কি তাই, শুরু হয়ে গিয়েছিল কথায়, চলাফেরায়, বিভিন্ন প্রতিযোগিতায় অংশগ্রহণ করার মতো চৌকস মানুষ তৈরি হওয়ার মনবাসনা।

সেদিন বাঁওড় ধার থেকে বেড়িয়ে এসে, বিকালটা দিদি জামাইবাবুর সাথে গল্প করছিলাম।

আমার আর নির্মলের মধ্যে যেসব কথাবার্তা হয়েছে সেগুলো শুনে দিদি বলল, "ঠিকই তো, জীবনের একটা লক্ষ্য থাকা দরকার। মানুষ দিনকে দিন সভ্য হচ্ছে। তার সাথে তো তাল মিলিয়ে চলতে হবে। সেই কারণে নজরটা থাকবে সে দিকে। "

জামাইবাবু জিজ্ঞাসা করল, " নির্মল কি তোর প্রিয় বন্ধু? "

আমি, ' হ্যাঁ ' বলাতে, জামাইবাবু জানালো, "ও কিন্তু ক্লাসে প্রথম হয়। তুই হতে পারবি তো!

আমি কি উত্তর দেবো তা ঠিক করে উঠতে পারছি না। খানিকক্ষণ মনের মধ্যে কিছু চিন্তার উদ্ভব হলো। সেটা চিন্তা করে বললাম, " আমি তো এখনও পর্যন্ত কখনই প্রথম হইনি। চেষ্টাও করেও দেখিনি। এরকম ভাবে প্রথম হওয়ার কথা কেউ আগে কোনদিনও বলেনি। তবে পরীক্ষায় আমার রেজাল্ট খারাপ হতো না। এবার থেকে চেষ্টা করে দেখব প্রথম হওয়া যায় কিনা। প্রথম না হলেও দ্বিতীয় তৃতীয় হওয়ার চেষ্টা করব।"

জামাইবাবু একটু হেসে বলল, "তুই তো ক্লাস সেভেনে ভর্তি হয়েছিস। ক্লাস সেভেনে কে প্রথম হয় জানিস? অবশ্য জানবিই বা কি করে? এখনও তো ক্লাসেই যাসনি। ক্লাস সেভেনের ফার্স্ট বয় সুভাষ শিকারি। ওর বাড়ি সভাইপুরে। ওর দাদা দু'বছর আগে এখান থেকে ক্লাস এইট পাশ করে বনগাঁ হাইস্কুলে ভর্তি হয়েছে। সে এখন ক্লাস প্রথম ছাত্র।

সুভাষ তার থেকেও অনেক বেশি পড়ুয়া আর বুদ্ধিমান। আমি এখন অংকের ক্লাস নিই। বইয়ের অংক গুলো একটু ঘুরিয়ে ফিরিয়ে দিলেও, সুভাষ খুব সহজেই সেটা সমাধান করে দেয়। এমনকি নির্মলের থেকেও বেশি চৌকস। ওদের মতো হওয়ার চেষ্টা কোরো। "

জামাইবাবুর এই কথা শুনে আমি সেদিন দমে যাইনি। মনে মনে চিন্তা করেছিলাম, 'সত্যিই তো আমার ভালো রেজাল্ট করার উপরে দিদি জামাইবাবুর খানিকটা মান সম্মানের ব্যাপার এসে দাঁড়াবে। অতএব আমার ভালোভাবে পড়াশোনা করার, ভালো রেজাল্ট করার দিকে লক্ষ্য রাখতে হবে।'

আমি দিদির দিকে ফিরে বলেছিলাম, "দিদি, তুই যদি একটু ধরিয়ে দিস, তাহলে হয়তো আমি ভালো রেজাল্ট করব।"

দিদি হেসে বলেছিল, "সে না হয় আমি রাত্রিবেলা তোকে নিয়ে পড়াতে বসবো। সপ্তাহে চার দিন তোর জামাইবাবু নির্মল, সুভাষের মতো ভালো ভালো পাঁচ- সাতটা ছেলেকে টিউশনি পড়ায়। তুই জামাইবাবুর কাছে পড়বি। ভালো রেজাল্ট করলে, আমাদের ভালো লাগবে।"

সেদিন এইরকম কথায় কথায় আমার ভবিষ্যতের কথা দিদি জামাইবাবু জানিয়ে দিয়েছিল। তখন থেকে মন প্রস্তুত করেছিলাম দিদি জামাইবাবুর টার্গেট পূরণের ইচ্ছা, আমাকে সমাধান করতে হবে। সেই চিন্তায় মনের মধ্যে চাপ বাড়লেও, ঘাবড়ে যায়নি।

চলবে...

## সেবার সাহিত্য সভায় কবি সম্মেলন ও গুণীজন সংবর্ধনা

সংবাদদাতা ঃ সম্প্রতি গোবরডাঙ্গার অন্যতম সেবামূলক প্রতিষ্ঠান সেবা ফার্মার্স সমিতির ব্যবস্থাপনায় সূচনা হয়।




মহাসমারোহে অনুষ্ঠিত হয় কবি সম্মেলন ও গুণীজন সংবর্ধনা।

বর্ষিয়ান কবি তারাশংকর আচার্য্যের পৌরহিত্যে অনুষ্ঠিত ভাষা শীহদ স্মারক বেদীতে মাতৃভাষার স্বাধিকার রক্ষার আন্দোলনে নিহত শহীদদের স্মরণে ফুল-মালা অর্পনের মধ্য দিয়ে ৬৩তম মাসিক সাহিত্যসভার সূচনা হয়।

মাল্যদান করেন নাট্য ব্যক্তিত্ব বিশ্বনাথ ভট্টাচার্য, গান শোনান সংগীত শিল্পী অরূপ কুমার ঘোষ। সমিতির সম্পাদক গোবিন্দলাল মজুমদার বিভিন্ন সেবামূলক কাজের সাথে অনুষ্ঠিত সাহিত্য সভার গুরুত্ব ও প্রয়োজনীয়তা ব্যক্ত করেন। এদিন অবসর প্রাপ্ত শিক্ষক ও বিশিষ্ট কবি সুনীল কৃষ্ণ মণ্ডলকে সমিতির পক্ষ থেকে পুষ্পস্তবক, উত্তরীয়, মানপত্র ও বিভিন্ন স্মারক উপহারে বিশেষ সংবর্ধনা জ্ঞাপন করা হয়। প্রখ্যাত কবি ও কাব্যগ্রন্থের প্রণেতা সুনীল বাবুর হাতে বিভিন্ন সামগ্রী তুলে দিয়ে সম্মান। সমিতির সভাপতি হিমাদ্রী গোমস্তা, সম্পাদক গোবিন্দবাবু ও সেবার অন্যতম সেবিকা প্রতিমা চক্রবর্তী; মানপত্র পাঠ করে শোনান সমিতির কর্মী রীয়া সরকার।

জেলার বিভিন্ন প্রান্ত থেকে আসা কবি-সাহিত্যিকগণ স্বরচিত কবিতা ও সাহিত্য পাঠ করে শোনান। কবিতায় ভাষা শহীদদের স্মরণ করে শিশুশিল্পী সৌবর্ণী, শুভাঙ্গী ও নন্দিতা, বিপুল ও পিয়ালী বিশ্বাসের কণ্ঠে কবিতা আলেখ্য সকলের প্রশংসালাভ করে। পাঁচুগোপাল হাজরা ও ধীরাজ রায়ের পরিচালনায় সাহিত্যসভা প্রাণবন্ত হয়ে ওঠে।

## গণ দর্পণের নাট্যোৎসব ও গ্রন্থ মেলা

সংবাদদাতা ঃ গাইঘাটা চৌগাছা মডেল একাডেমী স্কুল প্রাঙ্গণে সম্প্রতি অনুষ্ঠিত হল গণদর্পন নাট্যোৎসব ও গ্রন্থ মেলা। উৎসবে এলেকার বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীগণ আয়োজিত অংকন, সংগীত, লোক সংগীত, নৃত্য, ছড়ার গান এবং শেষ দিনে আকর্ষনীয় বসে লেখো প্রতিযোগিতায় অংশ গ্রহণ করে। উৎসবের প্রথমদিন চাঁদপাড়ার আইরিশ হাসপাতালের সহযোগিতায় অনুষ্ঠিত বিনাব্যয়ে স্বাস্থ্য ও চক্ষু পরীক্ষা শিবিরে এলেকার বহু মানুষ চক্ষু ও স্বাস্থ্য পরীক্ষা করান। সংগীত পরিবেশন করে চাঁদপাড়া সুরবাণীর বিশিষ্ট সংগীত শিল্পী অমিতাভ সাহা। দ্বিতীয় দিন ছিল 'আসক্ত' বাংলা ব্যাণ্ডের সংগীতানুষ্ঠান। সুরজিৎ হালদারের পরিচালনায় শ্রীখোল লহড়া এবং সুপার সিঙ্গার চ্যাম্পিয়ান পার্থ দত্তের সংগীতানুষ্ঠান এবং শেষ দিনে অনুষ্ঠিত হল কবি সম্মেলন ও স্টার জলসাখ্যাত প্রদীপ মণ্ডলের সংগীতানুষ্ঠান শ্রোতৃমণ্ডলীকে মুগ্ধ করে। গণদর্পন আয়োজিত নাট্যোৎসবে মোট ৬খানি নাটক মঞ্চস্থ হয়। সংস্থার অন্যতম কর্ণধার মিলন কর্মকার নির্দেশিত সকলের ভালোলাগার নাটক 'মুক্তির উপায়' এবং বিশিষ্ট নাট্য ব্যক্তিত্ব অয়ন সিংহ নির্দেশিত মজার নাটক 'আগন্তুক'। বইমেলার স্টলে ছাত্র-ছাত্রীসহ এলেকার গ্রন্থপ্রেমী মানুষজনের উপস্থিতি চোখে পড়ে।

## গাইঘাটায় পুরস্কৃত নারীরা

প্রথমপাতার পর...

নীলাদ্রি সরকার ও জয়েন্ট বিডিও জাগ্রত চৌধুরী প্রমুখ।

শিক্ষা কর্মাধ্যক্ষ মধুবাবু বলেন, ১৯৭৫ সাল থেকে সারা বিশ্বে দিনটি মর্যাদা সহকারে পালিত হয়ে আসছে। সভাপতি শ্রীমতী বাক্‌চি বলেন, এবছর আন্তর্জাতিক নারী দিবসের সুবর্ণ জয়ন্তী বর্ষ। আমাদের রাজ্যের প্রথম মহিলা মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী রাজ্যের সকল নারীদের মর্যাদা দিয়েছেন। কর্মাধ্যক্ষ অঞ্জনা দেবী বলেন, নারী সমাজ এখন আর কোন কিছুতে পিছিয়ে নেই, নারীরা আজ আর অবলা নয়, সবলা হয়ে উঠেছে।

বিডিও নীলাদ্রিবাবু বলেন, বর্তমানে নারী সমাজের আন্তরিক উদ্যোগে সমাজের পরিবেশ স্বচ্ছ ও নির্মল হয়ে উঠছে। প্লাস্টিক ক্যারিব্যাগ এবং ডেঙ্গু প্রতিরোধে ব্লকের আশাকর্মীরা ভালো কাজ করে



চলেছেন। শতাধিক মহিলার সমাবেশে সভায় একটি জনসচেতনতামূলক ভিডিও প্রদর্শিত হয়।

সভার আলোচনা শেষে ব্লকের বিভিন্ন গ্রাম পঞ্চায়েতের সেরা স্বচ্ছতা কর্মীকে স্মারক ও বিশেষ উপহারে সংবর্ধনা জ্ঞাপন করা হয়।

## দোলযাত্রা উপলক্ষ্যে চাঁদপাড়ায় বসন্ত উৎসব

নীরেশ ভৌমিক ঃ দোলযাত্রা উপলক্ষ্যে বিগত বছরের মতো এবারও বসন্ত




উৎসবের আয়োজন করে চাঁদপাড়ার বসন্ত উৎসব উদ্‌যাপন কমিটি। ১১ মার্চ দোলযাত্রার প্রাক্কালে চাঁদপাড়া চৌরঙ্গী নূপুর নৃত্যকলা কেন্দ্র ও কলরব সাংস্কৃতিক সংস্থার উদ্যোগে বিভিন্ন সংস্থার সদস্য ও কয়েকশো নৃত্যশিল্পীর এক বর্ণময় শোভাযাত্রা জাতীয় সড়ক যশোর রোড ও চাঁদপাড়া বাজারের বিভিন্ন পথ পরিক্রমা শেষে স্থানীয় মিলন সংঘ ময়দানে উপস্থিত হয়। এদিনের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বনগাঁ দক্ষিণের বিধায়ক স্বপন মজুমদার, গাইঘাটা পঞ্চায়েত সমিতির সভাপতি ইলা বাক্‌চি, সহ-সভাপতি অজয় দত্ত, শিক্ষা কর্মাধ্যক্ষ মধুসূদন সিংহ, সদস্য শ্যামল সরকার, জেলা পরিষদ সদস্য অভিজিৎ বিশ্বাস ও শিপ্রা বিশ্বাস, চাঁদপাড়া গ্রাম পঞ্চায়েত প্রধান দীপক দাস, উপ- প্রধান বৈশাখী বিশ্বাস,গাইঘাটা থানার ওসি রাখহরি ঘোষ প্রমুখ।

এদিন কমিটির পক্ষ থেকে পদ্মশ্রী ভূষণে ভূষিত স্বনামধন্য ঢাকী গোকুল দাসকে প্রখ্যাত যাত্রা শিল্পী হৃষিকেশ কুণ্ডু স্মৃতি সম্মান প্রদান করা হয়। পদ্মশ্রী গোকুল দাসের হাতে স্মারক ও মানপত্র তুলে দিয়ে সম্মান জানান প্রয়াত যাত্রাশিল্পীর পুত্র নিত্যানন্দ কুণ্ডু।

বিজ্ঞাপনের জন্য
যোগাযোগ করুন
৯২৩২৬৩৩৮৯৯

## আমরা অমলা কান্তি'র নাট্য কর্মশালা

নীরেশ ভৌমিক ঃ টাকির 'আমরা অমল কান্তি' নাট্যদলের উদ্যোগে গত ৪ মার্চ থেকে বিশপুর উচ্চ বিদ্যালয়ে অনুষ্ঠিত হয় তিনদিনের এক নাট্য কর্মশালা। শিশু কিশোরদের দ্বিতীয় পর্যায়ের এই নাটকের কর্মশালায় ৩৫জন ছাত্র-ছাত্রী অংশ গ্রহণ করে।

বিদ্যালয়ের সহ শিক্ষক সুদীপ দত্তের পরিচালনায় ও শিক্ষিকা শ্রীপর্ণা বিশ্বাসের সক্রিয় সহযোগিতায় কর্মশালাটি সুষ্ঠুভাবে সম্পন্ন হয়। কর্মশালায় প্রশিক্ষক ছিলেন, আমরা অমলকান্তির সদস্য ও বিশিষ্ট নাট্যাভিনেতা সিন্টু পাল, সাম্পান বন্দ্যোপাধ্যায়, বিধান চন্দ্র মণ্ডল ও সুমেধা বন্দ্যোপাধ্যায়। প্রশিক্ষকগণ শিক্ষার্থীদের নাটকের বিভিন্ন কলাকৌশলের উপর প্রশিক্ষণ প্রদান করেন। সংস্থার সভাপতি ও নাট্য নির্দেশক সুদীপ্ত ব্যানার্জী জানান, আমাদের ভবিষ্যৎ প্রজন্ম বিদ্যালয়ের শিশু কিশোর পড়ুয়াদের মানসিক, বৌদ্ধিক ও শারীরিক এবং সাংস্কৃতিক প্রতিভার উন্নতির জন্য এই ধরনের নাট্যকর্মশালার যথেষ্ট গুরুত্ব রয়েছে। কর্মশালায় নাটক ছাড়াও মূকাভিনয় ও নৃত্যের উপর প্রশিক্ষণ দেওয়া হয়। নাট্য কর্মশালা শেষে প্রশিক্ষনার্থীগণের শংসাপত্র প্রদান করা হয়।

বিজ্ঞাপনের জন্য
যোগাযোগ
করুন
৯২৩২৬৩৩৮৯৯
৭০৭৬২৭১৯৫২

## ব্যবহৃত হবে সামগ্রী, উদ্যোগ পঞ্চায়েতের

প্রথমপাতার পর...

মেটেরিয়াল টেস্ট ল্যাবরেটরি যাতে আগামী দিনে বনগাঁ মহকুমা সহ জেলার অন্যত্র চালু করা যায় সে বিষয়েও বিশেষ ভাবনা চিন্তা করা হবে। শুধু সরকারি নির্মাণের ক্ষেত্রেই নয়, ব্যক্তিগত বাড়ি বানানোর ক্ষেত্রেও প্রয়োজনে নির্মাণ সামগ্রীর গুণগত মান পরীক্ষা করে নিতে পারেবেন পঞ্চায়েতের এই ল্যাবরেটরি থেকেই।



# রামকৃষ্ণ আশ্রমে স্বেচ্ছা রক্তদান শিবিরে রক্ত দিলেন প্রধান শিক্ষক, চিকিৎসক

নীরেশ ভৌমিক ঃ বিগত বছরগুলির মতো এবারও এক স্বেচ্ছা রক্তদান শিবিরের আয়োজন করে চাঁদপাড়ার রামকৃষ্ণ আশ্রম কর্তৃপক্ষ। গত ৯ মার্চ আশ্রম অঙ্গনে অনুষ্ঠিত রক্তদান শিবিরে ৩৮জন পুরুষ ও মহিলা রক্তদাতাদের মধ্যে সদ্য আঠারো পার হওয়া তরুণ ও যুবক যুবতীদের সংখ্যা ছিল চোখে পড়ার মতো। উল্লেখযোগ্য রক্তদাতাদের মধ্যে ছিলেন মহিষাকাটি হাই স্কুলের প্রধান শিক্ষক মনতোষ মজুমদার, তরুণ চিকিৎসক শুভ্রজ্যোতি




স্বেচ্ছায় রক্তদান করেন।

রক্ত সংগ্রহ করেন কলকাতার রামকৃষ্ণ মিশন সেবা সমিতির চিকিৎসক ও স্বাস্থ্য কর্মীগণ। নাথ প্রমুখ। রক্তদাতাদের শুভেচ্ছা জানাতে শিবিরে আসেন স্থানীয় বিধায়ক স্বপন মজুমদার ও সমাজকর্মী প্রবীর রায়।

# কৃষক বাজারে প্রতি সোমবার বসবে পাইকারী সুতি বস্ত্রের হাট

নীরেশ ভৌমিক ঃ সম্প্রতি আনুষ্ঠানিক ঘোষণার পর ঘোষণা অনুযায়ী ১০ মার্চ মহাসমারোহে শুরু হল গাইঘাটা পঞ্চায়েত সমিতি ও গাইঘাটা ব্লক প্রশাসন আয়োজিত পাইকারী সুতিবস্ত্র ব্যবসায়ী হাট। রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর স্বপ্নের প্রকল্প ‘কৃষক বাজার’- এ সপ্তাহে প্রতি সোমবার বসবে এই হাট। রাত দুটো থেকে বেলা ১২টা অবধি এই হাট চলবে বলে জানা গেছে। এদিন সকালে গাইঘাটার চাঁদপাড়া বাজার পার্শ্বস্থ দেবীপুরের কৃষিমাণ্ডিতে গিয়ে দেখা গেল, শ'দুয়েক সুতিবস্ত্র ব্যবসায়ি তাঁদের পসরা সাজিয়ে বসেছেন। এদিন সকালেই হাটে চলে আসেন পঞ্চায়েত সমিতির সভাপতি ইলা বাক্চি, ছিলেন শিক্ষা কর্মাধ্যক্ষ মধুসূদন সিংহ, মৎস্য কর্মাধ্যক্ষ অঞ্জনা বৈদ্য, চাঁদপাড়ার



কৃষকবাজারে ক্রয় করছেন অনুষ্ঠানে উপস্থিত সম্মানীয় ব্যক্তিবর্গ। ছবি ঃ নিজস্ব

প্রধান দীপক দাস। এদিন হাটে যথেষ্ট বস্ত্র ব্যবসায়ির সমাগম ঘটলেও ক্রেতাদের তেমন উপস্থিতি চোখে পড়েনি। ব্যবসায়ী বিপ্লব সাহা জানান, দোকানদাররা এখানেই রয়েছেন। তবে একই দিনে চাঁদপাড়ায় দুটো হাট না বসালে ভালো হত বলে ক্রেতা বিক্রেতাদের অনেকেই মন্তব্য করেন।

বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন ৯২৩২৬৩৩৮৯৯

# সাড়ম্বরে অনুষ্ঠিত নাবিক নাট্যমের দ্বিতীয়পর্বের নাট্য মিলন উৎসব

সংবাদদাতা ঃ সম্প্রতি গোবরডাঙ্গার সেবা ফার্মার্স সমিতির হলে অনুষ্ঠিত হল গোবরডাঙ্গার ঐতিহ্যবাহী নাট্যদল নাবিক নাট্যমের বার্ষিক নাট্যমিলন উৎসবের দ্বিতীয়পর্বের অনুষ্ঠান। এদিনের দিনভর অনুষ্ঠানে ছিল নাট্যকর্মশালা, সেমিনার, মূকাভিনয় ও নাট্যানুষ্ঠান। কর্মশালায় প্রশিক্ষক ছিলেন নাট্য ব্যক্তিত্ব তপন দাস, বিশিষ্ট মূকাভিনেতা ধীরাজ হাওলাদার, নাট্য পরিচালক জীবন অধিকারী।



এদিনের অনুষ্ঠিত সেমিনারে বক্তব্য রাখেন ভাবনা থিয়েটার পত্রিকার সম্পাদক অভীক ভট্টাচার্য, নাট্য নির্দেশক রতন চক্রবর্তী, খড়দা থিয়েটার জোনের পরিচালক তপন দাস, মূকাভিনেতা ধীরাজ হাওলাদার, বিশিষ্ট নাট্য ব্যক্তিত্ব ও চাঁদপাড়া অ্যাক্টোর পরিচালক সুভাষ চক্রবর্তীর পরিচালনায় সেমিনারের আলোচনা বেশ ফলপ্রসু হয়ে ওঠে। সেমিনারের বিষয় ছিল অভিনেতা ও দর্শকদের সম্পর্ক। বক্তাদের আলোচনা সমবেত প্রশিক্ষনার্থী ও শ্রোতৃমণ্ডলীর নিকট বেশ মনোগ্রাহী হয়ে ওঠে।

উদ্যোক্তারা এদিন সেবা ফার্মার্স সমিতির সম্পাদক বিশিষ্ট সমাজসেবি গোবিন্দলাল মজুমদারকে ‘নাবিক’ সম্মানে ভূষিত করেন। কর্মশালা শেষে অংশগ্রহণকারী সকল প্রশিক্ষণার্থীগণের হাতে শংসাপত্র তুলে দেন উপস্থিত বিশিষ্টজনেরা। পরিশেষে পরিবেশিত হয় খড়দহ থিয়েটার জোনের একক নাটক ‘অর্পন’। রংতাল থিয়েটার পরিবেশিত মূকাভিনয় চরিত্রহীন ও গোপাল ভাঁড় সমবেত সকলের মনোরঞ্জন করে। নানা অনুষ্ঠান, বহু নাট্য ও সংস্কৃতিপ্রেমী মনোরঞ্জনদের স্বতঃস্ফূর্ত উপস্থিতি ও অংশ গ্রহণে সার্থক হয়ে ওঠে নাবিক নাট্যমের নাট্যমিলন উৎসবের দ্বিতীয়পর্বের নানা অনুষ্ঠান।





আমাদের NPC Optical- এ ১ থেকে ২ বছরের অভিজ্ঞতা সম্পন্ন Salesman প্রয়োজন।

অভিজ্ঞ জোতিষিরা যোগাযোগ করুন।

আমাদের শোরুম প্রতিদিন খোলা

এন পি.সি. অপটিক্যাল

১। বনগাঁতে নিয়ে এলো আধুনিক এবং উন্নত মানের সকল প্রকার চশমার ফ্রেম ও সমস্ত রকমের আধুনিক এবং উন্নত মানের পাওয়ার গ্লাসের বিপুল সম্ভার।
২। সমস্ত রকম কন্টাক্ট লেন্স-এর সুব্যবস্থা আছে।
৩। আধুনিক লেন্সোমিটার দ্বারা চশমার পাওয়ার চেকিং এবং প্রদানের সুব্যবস্থা আছে। এছাড়াও আমাদের চশমার ওপর লাইফটাইম ফ্রি সার্ভিসিং দেওয়া হয়।
৫।আমাদের এখানে চশমার ফ্রেম এবং সমস্ত রকমের পাওয়ার গ্লাস হোলসেল এর সুব্যবস্থা আছে।



চক্ষু বিশেষজ্ঞ ডাক্তারবাবুদের চেম্বার করার জন্য সমস্ত রকমের ব্যবস্থা আছে। যোগাযোগ করতে পারেন। মো: 8967028106

বাটার মোড়, (কুমুদিনী স্কুলের বিপরীতে), বনগাঁ





Printer, Publisher & Owner **Utpal Mallick**, Published at Kalupur (Uttarpara, P.O.- Kalupur, P.S.- Bongaon, Dist.- North 24 Parganas, W.B. PIN- 743235 and Printed at KUMAR PRESS at Tawbazar, Bongaon, North 24 Parganas, W.B., PIN- 743235 - 9232633899 / 9134228513 / 9647791986 / 8972800084
e-mail.- sarbabhauma@gmail.com, Web- https://www.sarbabhaumasamachar.in Sub- Editor- **Haridas Golder** Editor- **Utpal Mallick**